

প্রোফাইল



নৌপরিবহণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের একান্ত সচিব জনাব মোহাম্মদ আজিজুল ইসলাম বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২৫তম ব্যাচের কর্মকর্তা। তার নিজ জেলা হবিগঞ্জ। তিনি ১৯৭৮ সালে হবিগঞ্জ সদর উপজেলার শংকরপাশা গ্রামে জন্ম গ্রহন করেন। উচাইল আদর্শ উচ্চ বিদ্যালয় হতে মাধ্যমিক, সরকারী বৃন্দাবন কলেজ হতে উচ্চ মাধ্যমিক এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট হতে সমাজকর্ম বিভাগে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে ইউনিভার্সিটি অব সেন্ট্রাল ল্যান্কাশায়ার, ইউকে হতে ‘প্রজেক্ট ম্যানেজমেন্ট’ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। শিক্ষাজীবনে প্রতিটি স্তরে তিনি কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করেন।

জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজারে তিনি ২০০৬ সালের ২৪ আগস্ট সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসাবে কর্মজীবন শুরু করেন। এর পর রাজামাটি পার্বত্য জেলায় সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, সিলেট জেলা প্রশাসনে পোস্টেড নেজারত ডেপুটি কালেক্টর, সিলেটের গোয়াইনঘাট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে সুনামের সহিত দায়িত্ব পালন করেন। বর্তমান পদে যোগদানের পূর্বে ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মরত ছিলেন। কর্মজীবনে তিনি বৃক্ষরোপনে বিশেষ অবদান রাখার জন্য ২০১৩ সালে মাননীয় প্রধানমন্ত্রীর বৃক্ষরোপণে জাতীয় পদক পান। উদ্ভাবনী সেবা উদ্ভাবন, প্রসার ও প্রয়োগে ২০১৬ সালে চট্টগ্রাম বিভাগের শ্রেয়তর উপজেলা নির্বাহী অফিসার হওয়ার গৌরব অর্জন করেন। তিনি এক কন্যা ও পুত্র সন্তানের জনক। তার স্ত্রী দেওয়ান ফেরদৌস আরা বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের আইনজীবী।